

REGIONAL NEWS

UNIT

ALL INDIA RADIO, AGARTALA

Date : 04-12-2024

Time: 07.35-07.40 AM Hrs

BENGALI MORNING BULLETIN

Navy Day :

আজ ভারতীয় নৌসেনা দিবস। এই দিবস প্রতি বছর চৌঠা ডিসেম্বর পালন করা হয়ে থাকে। এই উপলক্ষে রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু আজ পুরীর ব্লু ফ্ল্যাগ বীচে ভারতীয় নৌসেনা দিবস সমারোহ সহ বেশ কিছু অনুষ্ঠানে যোগ দান করবেন।

Sugamya Bharat Abhijan- PM :

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী গতকাল 'সুগম্য ভারত অভিযান'-এর নবম বর্ষপূর্তি উপলক্ষে দিব্যাঙ্গজনদের জন্য সমতা এবং সুযোগ-সুবিধাকে আরও বাড়িয়ে তুলতে সরকার অঙ্গীকারবদ্ধ বলে মন্তব্য করেন।

'মাইগভইন্ডিয়া' এবং মোদী আর্কাইভ হ্যাণ্ডেলসের 'এক্স'-এ একগুচ্ছ পোস্ট করে শ্রী মোদী লিখেছেন : দিব্যাঙ্গ ভাই-বোনদের সাহস ও কৃতিত্ব আমাদের গর্বিত করেছে। প্যারালিম্পিকে ভারতের সাফল্য এর এক উজ্জ্বল উদাহরণ।

Sugamya Bharat Abhijan-Virendra Kumar :

আন্তর্জাতিক দিব্যাঙ্গজন দিবস উপলক্ষ্যে, সরকার গতকাল সারা দেশে দিব্যাঙ্গজনদের ক্ষমতায়নের জন্য সুগম্য ভারত অভিযান সহ ষোলটি উদ্যোগ চালু করেছে। এই উপলক্ষে নয়াদিল্লিতে আয়োজিত সমাবেশে ভাষণ দিতে গিয়ে, সামাজিক ন্যায়বিচার ও ক্ষমতায়ন মন্ত্রী ডঃ বীরেন্দ্র কুমার জোর দিয়ে বলেন যে এই

অনুষ্ঠানটি একটি অন্তর্ভুক্তিমূলক সমাজ তৈরিতে সরকারের দৃঢ় সংকল্পকে প্রতি ফলিত করে। অনুষ্ঠানে চালু করা কিছু মূল উদ্যোগের মধ্যে রয়েছে 'কদম হাটু জয়েন্ট', 'পাথওয়েস টু অ্যাকসেস: পার্ট থ্রী, সুগম্য ভারত অভিযান, এবং ব্রেইল বুক পোর্টাল।

Sugamya Bharat Abhijan-Ratan chakraborty :

বিধায়ক রতন চক্রবর্তী বিশ্ব দিব্যাঙ্গ দিবস উপলক্ষে গতকাল ওল্ড আগরতলা হাই স্কুলে দিব্যাঙ্গ শিশুদের মধ্যে নিত্যপ্রয়োজনীয় সামগ্রী বিতরণ করেন। শ্রী চক্রবর্তী সুগম্য ভারত অভিযানের গুরুত্ব নিয়ে আলোচনা করে বলেন এই দিনটি উদযাপনের মূল লক্ষ্য হচ্ছে প্রতিবন্ধকতা ভেঙ্গে এমন একটি সমাজ গঠনের করা যেখানে সবাই মর্যাদা ও সমতার সাথে বসবাস করতে পারে। তিনি বলেন কেন্দ্রীয় এবং রাজ্য সরকার উভয়ই 'দিব্যঙ্গনদের 'আর্থ-সামাজিক মান্নয়নের জন্য নিরলসভাবে কাজ করছে।

Blood Donation-South :

বাইখোড়া প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রে গতকাল এক অনুষ্ঠানের মাধ্যমে বিধায়ক এলাকা উন্নয়ন তহবিলের টাকায় মন্ত্রী শুক্লাচরন নোয়াতিয়া একটি অ্যাম্বুলেন্সের চাবি হাসপাতালের ভারপ্রাপ্ত চিকিৎসক ডা: শুভ্রজ্যোতি মজুমদারের হাতে তুলে দেন। একইসঙ্গে এদিন হাসপাতালে আয়োজিত রক্তদান শিবিরে ২১ জন স্বেচ্ছায় রক্তদান করেন। অনুষ্ঠানে শান্তিরবাজার মহকুমা শাসক মনোজ কুমার সাহা, দক্ষিণ জেলার মুখ্য স্বাস্থ্য আধিকারিক ডা: জেএম দাস প্রমুখ উপস্থিত ছিলেন।

Tourism Promo Fest :

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা গতকাল বিকেলে ধলাই জেলার গন্ডাতুইসা মহকুমার নারিকেলকুঞ্জে ত্রিপুরা ট্যুরিজম প্রোমো ফেস্ট ২০২৪'র উদ্বোধন করেন। অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী বলেন, বর্তমান সরকার বিশ্বের দরবারে রাজ্যের পর্যটনকে তুলে ধরার উদ্যোগ নিয়েছে। ত্রিপুরা ট্যুরিজম প্রোমো ফেস্টের আয়োজন এই উদ্যোগকে আরও গতিশীল করবে। তিনি আরো বলেন, এ ধরনের উৎসবের মধ্য দিয়ে রাজ্যের ঐতিহ্যবাহী সমৃদ্ধ সংস্কৃতিকেও তুলে ধরা হবে। মুখ্যমন্ত্রী এদিন ডম্বুর জলাশয়ের উপর নবনির্মিত বুলন্ত ব্রিজের উদ্বোধন করেন। তাছাড়াও নারিকেলকুঞ্জের বিভিন্ন স্থানে গড়ে উঠা হোম স্টের ৯ জন বেসরকারি উদ্যোগীদের হাতে রেজিস্ট্রেশন সার্টিফিকেট তুলে দেন।

New Criminal Laws :

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি বলেছেন, আইনের চোখে সবাই সমান। নতুন তিনটি ফৌজদারি আইনের মাধ্যমে দেশে সুষ্ঠু ন্যায় বিচার প্রতিষ্ঠিত হবে এবং দরিদ্র জনসাধারণ-ও এর সুফল ভোগ করতে পারবেন। গতকাল চন্ডিগড়ে এক অনুষ্ঠানে ভাষণ প্রসঙ্গে তিনি বলেন, এই আইনগুলি সংবিধানে উল্লেখিত বিভিন্ন আদর্শের পূর্ণতা পাবার দিশায় সঠিক পদক্ষেপ।

Awariness programme-South :

ত্রিপুরা কেমিক্যাল সোসাইটির উদ্যোগে পিএমশ্রী সাব্রুম উচ্চতর মাধ্যমিক বালিকা বিদ্যালয়ে সিঙ্গেল ইউজ প্লাস্টিক সম্পর্কে এক সচেতনতা সভা অনুষ্ঠিত হয়। সভায় প্লাস্টিকের অপব্যবহার সম্পর্কে সচেতনতামূলক বক্তব্য রাখেন ত্রিপুরা কেমিক্যাল সোসাইটির সাধারণ সম্পাদক ডক্টর তেজেন্দ্র ভক্ত, সোসাইটির প্রাক্তন সম্পাদক ডঃ পার্থ সারথী ঘোষ এবং সদস্য

কিশোর দত্ত এবং স্কুলের প্রধান শিক্ষক রঞ্জন দেবনাথ। সভায় সচেতনতামূলক কুইজ এবং বক্তৃতা প্রতিযোগিতাও অনুষ্ঠিত হয়।

Mushtaq Ali :

মুস্তাক আলী ট্রফি টি-২০ ক্রিকেট প্রতিযোগিতার গ্রুপের ষষ্ঠ খেলায় ত্রিপুরা জয়লাভ করেছে। গতরাতে ইন্দোরে অনুষ্ঠিত নৈশকালীন খেলায় রাজ্যদল ৮ উইকেটে সিকিমকে পরাজিত করে। ফলে আসরে রাজ্যদল টানা দ্বিতীয় জয় পেলে।

Weather :

আজ আকাশ মেঘাচ্ছন্ন থাকবে। সকালে কুয়াশা পড়েছে। আজ ভোরের সর্বনিম্ন তাপমাত্রা ছিল ১৬.১ ডিগ্রী সেলসিয়াস। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ২৯ ডিগ্রী এবং সর্বনিম্ন ১৬ ডিগ্রীর কাছাকাছি থাকবে।
